# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 28-02-2026** **Time: 1.40 PM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR-এ, অসম্পূর্ণ চূড়ান্ত তালিকা, ধাপে ধাপে প্রকাশিত হচ্ছে।

# ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই, রাজ্যে আসতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনী।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহিলাদের ক্ষমতায়ন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি আজ রাজস্থানের আজমেঢ়ে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করেন।

৩) হাওড়ার পিলখানায় প্রোমোটার খুনে ঘটনায় ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে পুলিশ।

# মূল অভিযুক্ত দুজন এখনও অধরা।

৪) কলকাতায় মহিলাদের সুরক্ষা সুনিশ্চিত করতে পিঙ্ক বুথ এবং শাইনিং নামে দুটি প্রকল্প চালু করছে কলকাতা পুলিশ।

৫) স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি-র লিখিত পরীক্ষা আগামীকাল নেওয়া হবে।

৬) ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট আজ, মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা, ধাপে ধাপে প্রকাশ শুরু হয়েছে। অনলাইনে প্রকাশিত হওয়ার আগেই অফলাইনে BLO মারফত তালিকা জন সমক্ষে এসেছে। জেলায় জেলায় টাঙানো হচ্ছে নামের তালিকা। নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটেও তালিকা দেখতে পাওয়া যাচ্ছে। ECI নেট অ্যাপেও ভোটার তালিকা মিলবে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট অভ

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় যেসব ভোটদাতার নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে, তাদের নাম'ও তালিকায় যুক্ত রয়েছে। তাদের নামের পাশে **অ্যাজুডিকেশন** শব্দবন্ধ উল্লেখ রয়েছে। যাদের নাম বাদ দেওয়া হচ্ছে, তাদের নামের পাশেও উল্লিখিত রয়েছে **ডিলিট** শব্দটি।

এছাড়া **নতুন ভোটার** হিসেবে যারা অন্তর্ভূক্ত হচ্ছেন, তাদের নাম আলাদা একটি তালিকায় থাকছে।

-----------------------------

ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই, গতকাল থেকে রাজ্যে আসতে শুরু করেছে কেন্দ্রীয় বাহিনী। সীমান্ত লাগোয়া জেলাগুলির একাধিক এলাকায় রুট মার্চ শুরু করেছে তারা। আগামীকালের মধ্যেই মোট ২৪০ কোম্পানি আধা সামরিক বাহিনী মোতায়েন করা হবে।

উত্তর ২৪ পরগণার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী স্বরূপ নগরে আজ সকাল থেকে কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চ শুরু হয়েছে। সঙ্গে রয়েছে স্বরূপনগর থানার পুলিশ। সাধারণ মানুষের সঙ্গে কথাও বলছেন তারা। বাগদার আসারু এবং বনগাঁ শহরেও টহল দিচ্ছে বাহিনী। নদীয়ার তাহেরপুর, উত্তর দিনাজপুরের ইসলামপুর, মুর্শিদাবাদের সামশেরগঞ্জ, সুতি, রানীনগর, জলঙ্গী সহ বিভিন্ন এলাকায় শুরু হয়েছে কেন্দ্রীয় বাহিনীর টহল।

উল্লেখ্য, ১০'ই মার্চের মধ্যে দফায় দফায় আরো ২৪০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী পৌঁছবে।

------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে আগামীকাল চারটি বড় জনসভার মধ্যে দিয়ে, বিজেপির 'পরিবর্তন যাত্রা'র সূচনা হতে চলেছে। সোমবার দোসরা মার্চ হবে পাঁচটি জনসভা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ এই উপলক্ষ্যে আগামীকাল রাজ্যে আসছেন। সোমবার তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

অন্যদিকে, কোচবিহারে রাসমেলা ময়দানে এই যাত্রার সূচনায় উপস্থিত থাকবেন বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। এছাড়াও জগৎপ্রকাশ নাড্ডা, রাজনাথ সিং সহ বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রীও অংশ নেবেন এই যাত্রায়। তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হবে। এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি হবে। মোট আড়াইশোটি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে।

---------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহিলাদের ক্ষমতায়ন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। আজ রাজস্থানের আজমেঢ়ে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী 'হিউম্যান প্যাপিলোমা ভাইরাস'- টীকাকরণ কর্মসূচীর সূচনা করেন। তিনি বলেন, সুস্থ মা সুস্থ পরিবারের মূল ভিত্তি।

বাইট-মোদী

এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পাঁচ কিশোরীকে টিকা দেওয়া হয়েছে। এদের সঙ্গে পরে প্রধানমন্ত্রী মতবিনিময় করেন। কেন্দ্রের 'সুস্থ নারী সুস্থ পরিবার' কর্মসূচীকে আরো প্রসারিত করার লক্ষ্যে সরকারের দায়বদ্ধতার প্রতিফলন এই টিকাকরণ। এর অঙ্গ হিসেবে প্রতি বছর দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৪ বছর বয়সী ১ কোটি ১৫ লক্ষ কিশোরীকে এই টীকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সমস্ত স্বীকৃত সরকারী স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে এই টিকা দেওয়া হবে। এছাড়াও আয়ুষ্মান আরোগ্য মন্দির, কমিউনিটি হেলথ সেন্টার, জেলা সদর হাসপাতাল, সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতালেও বিনামূল্যে টীকা দেওয়া হবে।

---------------------------

হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায় প্রোমোটার সৌফিক খানের হত্যার ঘটনায় ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে পুলিশ। ধৃত মহম্মদ ওয়াকিল ওরফে মুন্নার বাড়ির জলের ট্যাঙ্ক থেকে গতরাতে দুটি আগ্নেয়াস্ত্র ও দু'রাউন্ড গুলি উদ্ধার করে পুলিশ। সৌফিককে হত্যার পর দুই মূল অভিযুক্ত তার কাছে অস্ত্র রেখে দেয় বলে খবর।

এদিকে, এই খুনের ঘটনায় পুলিশ CCTV ফুটেজ দেখে আজ ভোর রাতে মহম্মদ আসলাম নামে আর একজনকে গ্রেপ্তার করেছে। আসলাম, মেটিয়াব্রুজে হারুন ও রোহিতকে লুকিয়ে থাকতে সাহায্য করেছিল।

উল্লেখ্য, গত ২৫শে ফেব্রুয়ারি ভোর বেলা প্রকাশ্য রাস্তায় হারুন খান ও রোহিত, প্রমোটারকে খুব কাছ থেকে গুলি করে চম্পট দেয়।

---------------------------

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনায়, জাতীয় তদন্ত সংস্থা- NIA, রাজ্য পুলিশের কাছ থেকে কেস ডায়েরী হাতে পেয়েছে। কলকাতা নগর দায়েরা আদালতে বিশেষ NIA আদালতের নির্দেশে কেন্দ্রীয় সংস্থাকে গতকাল এই কেস দায়েরী হস্তান্তর করা হয়।

উল্লেখ্য, NIA তদন্ত নিয়ে রাজ্য বরাবরই আপত্তি প্রকাশ করেছে। এব্যাপারে আদালতের'ও দ্বারস্থ্ হয় তারা।

মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের ঝাড়খন্ডে অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে গত ১৬'ই জানুয়ারী বেলডাঙ্গায় অশান্তি ছড়ায়।

---------------------------

মুর্শিদাবাদের ফারাক্কার শিবনগর এলাকায় আমবাগান থেকে ১৫ টি সকেট বোমা উদ্ধার করেছে পুলিশে। গতকাল গভীর রাতে ফারাক্কা থানার পুলিশ টহলদারির সময় ব্যাগ ভর্তি এই বোমাগুলি উদ্ধার করে। বোমাগুলিকে নিষ্ক্রিয় করার জন্য বম্ব স্কোয়াডকে খবর দেওয়া হয়েছেএ। ঘটনায় তদন্ত করছে পুলিশ।

---------------------------

মহিলাদের সুরক্ষা সুনিশ্চিত করতে দুটি নতুন প্রকল্প চালু করছে কলকাতা পুলিশ। মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছেন, আজ থেকে শহরের গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে খোলা হবে পিঙ্ক বুথ। মহিলা পুলিশ আধিকারিকরা সেখানে মহিলাদের সমস্যার কথা শুনে তার সমাধান করবেন।

পাশাপাশি শাইনিং নামে একটি নতুন কর্মসূচীর সূচনা হচ্ছে। এর আওতায় মধ্যরাত পর্যন্ত রাস্তায় থাকবে মহিলা পুলিশের টহলদারি বাহিনী।

উল্লেখ্য পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার শ্যামবাজারে পিঙ্ক বুথের উদ্বোধন করেছেন। তিনি বলেন, মহিলাদের নিরাপত্তাই পুলিশের সর্বোচ্চ অগ্রাধিকার। আপাতত শহরের ৫ টি গুরুত্বপূর্ণ জায়গা শ্যামবাজার, কাকুরগাছি, উল্টোডাঙার হাডকো মোড়, গড়িয়াহাট এবং বেহালা চৌরাস্তায় পিঙ্ক বুথ চালু হয়েছে। বিকেল ৫ টা থেকে রাত ১১ টা পর্যন্ত মহিলা পুলিশ কর্মী সেখানে থাকবেন।

শাইনিং উদ্যোগ প্রসঙ্গে পুলিশ কমিশনার বলেন, পাঁচটি গাড়ি শহরের গুরুত্বপূর্ণ রাস্তায় টহল দেবে। শীঘ্রই এই সংখ্যা আরও বাড়বে।

---------------------------

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি-র লিখিত পরীক্ষা আগামী কাল। রাজ্যের ১ হাজার ৬৯৩ টি পরীক্ষা কেন্দ্রে বেলা ১২ টা থেকে ১ -৫০ মিনিট পর্যন্ত পরীক্ষা চলবে। প্রার্থীরা বেলা ১০ টা থেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন। কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছেন গ্রুপ সি-র নিয়োগের জন্য প্রায় ৮ লক্ষ ১৩ হাজার

পরীক্ষার্থী আবেদন করেছেন। শুন্য পদের সংখ্যা ২ হাজার ৯ শো ৮৯ । আগামী ৮ মার্চ গ্রুপ ডি - পদের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হবে।

---------------------------

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে কিংবদন্তি নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের ১৮২তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তর এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। বিকেলে উত্তর কলকাতার গিরীশমঞ্চে এক অনুষ্ঠানে "স্টার থেকে বিনোদিনী: গিরীশচন্দ্র "শিরোনামে বক্তব্য রাখবেন নাট্যকার ও বিশিষ্ট গিরিশ গবেষক শেখর সমাদ্দার। নাটকের গান পরিবেশন করবেন অরিন্দম রায়। দমদম শব্দমুগ্ধের পরিবেশনায় মঞ্চস্থ হবে বেল বাবু নাটকটি।

মুখমন্ত্রীর মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমের এক পোস্টে গিরিশ ঘোষের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

---------------------------

আজ জাতীয় বিজ্ঞান দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হবে। নোবেল জয়ী পদার্থ বিজ্ঞানী CV Raman এর (চন্দ্র শেখর ভেঙ্কট রমন) রমন এফেক্ট আবিষ্কারের সম্মানে ও স্মরণে জাতীয় বিজ্ঞান দিবস পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, ১৯২৮ সালের ২৮ শে ফেব্রুয়ারি সিভি রমন, আবিষ্কার করেছিলেন রমন এফেক্ট।

---------------------------

সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গ যে গণবন্টন পদ্ধতিতে রাজ্যের বিভিন্ন স্কুলে মিড ডে মিলের জন্য প্রয়োজনীয় চাল ও গম বিলির কাজ করছিল, সেই পদ্ধতিকেই বহাল

রেখেছে। কলকাতা হাইকোর্ট গতবছর রাজ্য সরকার নির্ধারিত এই পদ্ধতি বাতিল করে জানায়, এজন্য নতুন করে ডিস্ট্রিবিউটার ঠিক করতে হবে। কোনোরকম একাধিপত্য চলবে না।

গণবন্টন প্রক্রিয়ার অন্যতম প্রধান অংশীদার 'ওয়েস্ট বেঙ্গল এম আর ডিস্ট্রিবিউটার্স অ্যাসোসিয়েশন', হাইকোর্টের এই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। তারই প্রেক্ষিতে শীর্ষ আদলতের দুই বিচারপতি পি এস নরসিমহা ও অলোক আরাধ-এর বেঞ্চ, হাইকোর্টের আগের রায়ের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেন। সংশ্লিষ্ট সব পক্ষের কাছে জবাব'ও তলব করা হয়েছে।

আগামী ১০'ই এপ্রিল, মামলার পরবর্তী শুনানি।

---------------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, মহামেডান স্পোর্টিং এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

---------------------------

ইডেনে আগামীকাল টি -২০ বিশ্বকাপের সুপার এইটের গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা ৭টায়।

---------------------------

এদিকে, ক্রিকেটপ্রেমীদের সুবিধার্থে আগামীকাল টি ভারত ওয়েস্ট ইন্ডিজ ম্যাচের পর মেট্রো রেল এক জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই দিন রাত ১১-

১৫ মিনিটে একটি ট্রেন ধর্মতলা থেকে দক্ষিণেশ্বর এবং অপর ট্রেনটি একই সময় শহীদ ক্ষুদিরামের দিকে ছেড়ে যাবে বলে  মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এই বিশেষ ট্রেনের জন্য শুধুমাত্র ধর্মতলা স্টেশনের টিকিট কাউন্টার খোলা থাকবে।

-------------------------- --------------------------